

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৬৪৫

আগরতলা, ২০ জানুয়ারি, ২০২৪

প্রবীণ শিল্পীদের পরামর্শ নিয়ে বাঁশ-বেত শিল্পকে  
পুনরুজ্জীবিত করা হবে : শিল্প ও বাণিজ্য মন্ত্রী

লিচুবাগানস্থিত ব্যাসু এন্ড ক্যান ডেভেলপমেন্ট ইনসিটিউটের কনফারেন্স হলে  
আজ রাজ্যের জাতীয় পুরক্ষারপ্রাপ্ত বাঁশ-বেত শিল্পে দক্ষ প্রবীণ শিল্পী ও শিল্পগুরুদের নিয়ে  
এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। ত্রিপুরা ব্যাসু মিশনের উদ্যোগে আয়োজিত এই মতবিনিময়  
সভায় উপস্থিত ছিলেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সাত্তনা চাকমা। সভায় বক্তব্য রাখতে গিয়ে তিনি  
বলেন, সুক্ষ্ম কার্কার্যময় বাঁশ-বেত শিল্প ও শিল্পী প্রায় হারিয়ে যাচ্ছে। বর্তমান রাজ্য সরকার  
এই শিল্পকে পুনরুজ্জীবিত করতে চাইছে। সেইসাথে এই শিল্পের মাধ্যমে রাজ্যের যুব  
সমাজকে আত্মানির্ভর হওয়ার সুযোগ তৈরী করে দিতে চাইছে। এক্ষেত্রে প্রবীণ বাঁশ-বেত শিল্পী  
ও শিল্প গুরুদের পরামর্শ নিয়ে হারিয়ে যাওয়া এই শিল্পকে পুনরুজ্জীবিত করা হবে।  
মতবিনিময় সভায় জাতীয় পুরক্ষারপ্রাপ্ত ১৬ জন সুক্ষ্ম বাঁশ-বেতের কাজে দক্ষ প্রবীণ শিল্পী ও  
২ জন শিল্পগুরু উপস্থিত ছিলেন। তাদের সকলকে শিল্প ও বাণিজ্যমন্ত্রী সম্মন্দনা জানান।  
মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন ত্রিপুরা ব্যাসু মিশনের অতিরিক্ত অধিকর্তা সুভাষচন্দ্র দাস।  
এছাড়া বক্তব্য রাখেন ব্যাসু এন্ড ক্যান ডেভেলপমেন্ট ইনসিটিউটের অধিকর্তা ড. অভিনব  
কান্ত।

\*\*\*\*\*